গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিদ্যালয়-১ অধিশাখা
www.mopme.gov.bd

স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.৯৯.০০৫.১৯-৫৭২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩২
২২ সেপ্টেম্বর ২০২৫

## পরিপত্র

**বিষয়ঃ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০২৫**

১. **শিরোনাম :**
এই নীতিমালা "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি নীতিমালা-২০২৫" নামে অভিহিত হবে।

২. **পরিধি ও নির্বাচন পদ্ধতি :**

২.১ শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত সকল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীগণ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তির জন্য বিবেচিত হবে।

২.২ প্রতি বছর চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বৃত্তির জন্য নির্বাচিত করা হবে।

৩. **পরীক্ষার বিষয়, নম্বর ও সময় :**

৩.১ **চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের ০৩ (তিন) টি বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে :**
(১) বাংলা;
(২) ইংরেজী;
(৩) গণিত।

৩.২ বাংলা, ইংরেজী ও গণিত এই ০৩ (তিন) টি বিষয়ে সর্বমোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা ২ (দুই) ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত হবে।

৩.৩ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক অনুমোদিত প্রাথমিক শিক্ষা কারিকুলাম (Curriculum) এ অন্তর্ভুক্ত চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ্যপুস্তক ও পাঠ্যসূচি অনুসারে শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৩.৪ চতুর্থ ও পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের জন্য মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে, যার মধ্যে পাশ নম্বর হবে ৪০।

৩.৫ পরীক্ষায় প্রাপ্ত নম্বর প্রকাশ যোগ্য নয়।

৪. **পরীক্ষা কেন্দ্র :**

**(ক)** প্রত্যেক জেলা শহরে বৃত্তি পরীক্ষার কেন্দ্র থাকবে (ঢাকা জেলা ব্যতিত)। জেলা প্রশাসক কেন্দ্র নির্বাচন করবেন এবং আইনশৃঙ্খলা নিশ্চিত করে পরীক্ষা অনুষ্ঠান করবেন।

**(খ)** উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা মহানগরী ও ঢাকা জেলার কেন্দ্র নির্বাচন করবেন এবং আইনশৃঙ্খলা নিশ্চিত করে পরীক্ষা অনুষ্ঠান করবেন।

৫. **বৃত্তি তহবিল :**

৫.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরিচালনার জন্য সরকারপ্রদত্ত এনডাউমেন্ট ফান্ড বিনিয়োগের মাধ্যমে প্রাপ্ত লভ্যাংশ হতে দশ শতাংশ মূল তহবিলে স্থানান্তরের পর অবশিষ্ট অর্থ বৃত্তি হিসেবে ব্যবহৃত হবে।

৫.২ শিশু কল্যাণ ট্রাস্টের তহবিল গঠনসংক্রান্ত বিধিমালা অনুযায়ী কোন উৎস হতে বৃত্তি খাতে প্রাপ্ত অর্থ।

৬. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটি :**

৬.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি সংক্রান্ত স্টিয়ারিং কমিটি নিম্নরূপে গঠিত হবেঃ-

| | | |
|---|---|---|
| (১) অতিরিক্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | - | সভাপতি |
| (২) যুগ্ম-সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | - | সদস্য |
| (৩) পরিচালক, (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২ ঢাকা | - | সদস্য |
| (৪) উপ-পরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ | - | সদস্য |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(৫) উপ-সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা - সদস্য

(৬) উপ-সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য

(৭) উপ-সচিব (বিদ্যালয়-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সদস্য

(৮) উপপরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা - সদস্য

(৯) পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা - সদস্য সচিব

৬.২ **স্টিয়ারিং কমিটির কার্যপরিধি :**

(১) প্রতিবছর বৃত্তির সংখ্যা নির্ধারণ ও উক্ত সংখ্যা হ্রাস/বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ;

(২) পরীক্ষার সময়সূচি নির্ধারণ;

(৩) পরীক্ষা পরিচালনা সংক্রান্ত বাজেট অনুমোদন;

(৪) বৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর মেধা/ট্যালেন্টপুল ও সাধারণ বৃত্তির মাসিক প্রদেয় অর্থের পরিমান নির্ধারণ;

(৫) বৃত্তি সংক্রান্ত কোটা নির্ধারণ;

(৬) শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কর্মকান্ড সম্পর্কে দিক নির্দেশনা প্রদান।

৭. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার ফিস :**

বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছাত্র-ছাত্রীদের নিকট হতে কোন প্রকার পরীক্ষার ফিস গ্রহণ করা হবেনা।

৮. **শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তির প্রকার :**

৮.১ শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার মাধ্যমে নিম্নলিখিত দুই ধরণের বৃত্তি প্রদানের জন্য শিক্ষার্থী বাছাই করা হবেঃ

(১) মেধা/ট্যালেন্টপুল ও

(২) সাধারণ বৃত্তি।

৯. **বৃত্তি নির্ধারণ :**

৯.১ চতুর্থ ও পঞ্চম শ্রেণির সকল পরীক্ষার্থীর একত্রিত ফলাফলে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থীগণ মেধা/ট্যালেন্টপুল বৃত্তির জন্য নির্ধারিত হবে। একই নম্বর একাধিক পরীক্ষার্থী প্রাপ্ত হলে সকলেই বৃত্তির জন্য বিবেচিত হবেন।

৯.২ প্রত্যেক জেলায় কমপক্ষে ০২টি (১জন ছাত্র, ১জন ছাত্রী) বৃত্তি প্রাপ্য হবে (মেধা/ট্যালেন্টপুলসহ)। একই নম্বর একাধিক পরীক্ষার্থী প্রাপ্ত হলে সকলেই বৃত্তির জন্য বিবেচিত হবেন। যে সকল জেলায় ০১টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় আছে সে সকল জেলায় বৃত্তি বন্টনের ক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে বৃত্তি পরীক্ষায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত শিক্ষার্থী সাধারণ বৃত্তির জন্য নির্বাচিত হবেন।

১০. **বৃত্তি প্রদানের নিয়মাবলি :**

১০.১ **মেধা/ট্যালেন্টপুল বৃত্তি :**

চতুর্থ ও পঞ্চম শ্রেণি পর্যন্ত মোট বৃত্তির ৩০% মেধা/ট্যালেন্টপুল বৃত্তির জন্য সংরক্ষিত থাকবে।

১০.২ **সাধারণ বৃত্তি :**

মোট বৃত্তির ৭০% সাধারণ বৃত্তির জন্য সংরক্ষিত থাকবে। চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে বৃত্তি পরীক্ষায় উপস্থিত শিক্ষার্থীর আনুপাতিক হারে বৃত্তির সংখ্যা বিভাজিত হবে।

১০.৩ প্রাপ্ত বৃত্তি ০১ (এক) বছরের জন্য কার্যকর থাকবে।

১০.৪ চতুর্থ হতে পঞ্চম শ্রেণি পর্যন্ত প্রত্যেক শ্রেণীতে অধ্যয়নরত নূন্যতম ৩০% শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে শর্ত থাকে যে, বৃত্তি পরীক্ষার্থীকে অবশ্যই বর্ণিত বিদ্যালয়ে পূর্ববর্তী শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হতে হবে।

১১. **প্রশ্নপত্র কাঠামো, প্রশ্নপত্র প্রণয়ন ও প্রেরণ :**

১১.১ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) চতুর্থ ও পঞ্চম শ্রেণির প্রশ্নপত্র কাঠামো বৃত্তি পরীক্ষার কমপক্ষে ০২ (দুই) মাস পূর্বে ট্রাস্ট দপ্তরে প্রেরণ করবেন। ট্রাস্ট দপ্তর সকল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ে প্রেরণ করবেন।

১১.২ জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) চতুর্থ ও পঞ্চম শ্রেণির ০২ (দুই) সেট প্রশ্নপত্র প্রস্তুত করে পরীক্ষা আরম্ভ হবার কমপক্ষে ০৫ (পাঁচ) দিন পূর্বে শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে প্রেরণ করবেন। ট্রাস্ট দপ্তর পরীক্ষা আরম্ভ হবার কমপক্ষে ০১ (এক) দিন পূর্বে কোড সম্বলিত প্রশ্নপত্র ই-মেইলযোগে বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটির সভাপতির নিকট প্রেরণ করবেন।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১২. **বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটি, পরীক্ষা গ্রহণ ও উত্তরপত্র মূল্যায়ন :**

১২.১ **বৃত্তি পরীক্ষা পরিচালনা কমিটি নিম্নরুপ :**

**জেলা পর্যায় কমিটি (ঢাকা জেলা ব্যতিত)**

| | | |
|---|---|---|
| (ক) জেলা প্রশাসক | - | সভাপতি |
| (খ) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) | - | সদস্য |
| (গ) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় | - | সদস্য (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) |
| (ঘ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | - | সদস্য-সচিব |

**ঢাকা মহানগরীর কমিটি**

| | | |
|---|---|---|
| (ক) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ | - | সভাপতি |
| (খ) উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার ০৩ (তিন) জন (কেন্দ্র সংশ্লিষ্ট থানা) | - | সদস্য |
| (গ) শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরের একজন উপর্যুক্ত প্রতিনিধি | - | সদস্য |
| (ঘ) প্রধান শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় | - | সদস্য (সভাপতি কর্তৃক মনোনীত) |
| (ঙ) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা জেলা | - | সদস্য সচিব |

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রত্যেক বছর বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০১ (এক) মাস পূর্বে "শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষা অনুষ্ঠান" পরিপত্র জারী করবেন।

১২.২ জেলা প্রশাসকের সভাপতিত্বে ৬৩টি জেলায় (ঢাকা জেলা ব্যতিত) এবং ঢাকা মহানগরীতে উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ এর সভাপতিত্বে কেন্দ্র পরিচালনা কমিটি থাকবে। উক্ত কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন। ঢাকা জেলার শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীগণ ঢাকা মহানগরীর কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

১২.৩ কেন্দ্র পরিচালনা কমিটি বৃত্তি পরীক্ষা শেষে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণের মাধ্যমে উত্তরপত্র মূল্যায়ন করে পরীক্ষার ফলাফল শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরে ই-মেইলযোগে এবং ডাকযোগে প্রেরণ করবেন।

১৩. **সনদপত্র :**

শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রীকে সনদপত্র প্রদান করা হবে।

১৪. **ফলাফল প্রকাশ ও সংরক্ষণ :**

শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তর কেন্দ্র হতে প্রাপ্ত ফলাফল একত্রিত করে সমন্বিত ফলাফল সীট প্রস্তুত করবেন এবং স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করবেন। স্টিয়ারিং কমিটি শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার চূড়ান্ত ফলাফল অনুমোদন করবেন এবং প্রকাশের ব্যবস্থা করবেন। শিশু কল্যাণ ট্রাস্ট বৃত্তি পরীক্ষার ফলাফল ট্রাস্ট দপ্তরে স্থায়ীভাবে সংরক্ষিত থাকবে।

১৫. **গোপনীয়তা :**

১৫.১ পরীক্ষা সংক্রান্ত সকল কাজে, সকল স্তরে গোপনীয়তা রক্ষা করতে হবে। বিশেষ করে প্রশ্নপত্র প্রণয়ন, মুদ্রণ, বিতরণ, উত্তরপত্র প্রস্তুত, কোডিং-ডিকোডিং, উত্তরপত্র মূল্যায়ণ, ফলাফল প্রস্তুত ও সংরক্ষণ ইত্যাদি কাজে সর্বোচ্চ গোপনীয়তা রক্ষা করতে হবে।

১৬. **কার্যকরিতা, রহিতকরণ ও হেফাজত :**

১৬.১ এ নীতিমালা জারির তারিখ থেকে তা সারাদেশের সকল শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়ের বৃত্তি পরীক্ষার জন্য কার্যকর হবে এবং এ নীতিমালা জারির পূর্বের এতদসংক্রান্ত সকল আদেশ/নির্দেশ/সিদ্ধান্ত রহিত বলে গণ্য হবে।

১৬.২ উক্তরুপ রহিতকরণ সত্ত্বেও আদেশ/নির্দেশ/সিদ্ধান্ত ইতোপূর্বে প্রদত্ত ও চলমান বৃত্তিসমূহ এই নীতিমালার আওতায় প্রদান করা হয়েছে বলে গণ্য হবে।

22/05/2025

**(মাসুদ আকতার খান)**
অতিরিক্ত সচিব (বিদ্যালয়)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং- ৩৮.০০.০০০০.০০৭.৯৯.০০৫.১৯-৬৭২

তারিখঃ ০৭ আশ্বিন ১৪৩২ / ২২ সেপ্টেম্বর ২০২৫

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
২. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (বিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।

22/09/25

ডা. ফাহিম ইকবাল জাগীরদার
উপসচিব
ফোন: +৮৮০ ২৫৫১০০৯৩৩
email: dssch1@mopme.gov.bd